দৈনিক সংবাদ

তারিখ 15 AUG 1989
পৃষ্ঠা ১ কলাম ৬

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান
ডকুমেন্টেশন কেন্দ্র

# ছাত্র হত্যার প্রতিবাদে চট্টগ্রামে অর্ধ দিবস হরতাল পালিত

**(নিজস্ব বার্তা পরিবেশক)**

চট্টগ্রাম, ১৪ই আগষ্ট।-ছাত্র-নেতা ওয়াহিদ হত্যার প্রতিবাদে জাতীয় ছাত্র লীগের আহ্বানে আজ ভোর ৬টা থেকে বেলা ১২টা পর্যন্ত অর্ধ দিবস হরতাল চলাকালে ১৫ জন আহত হয়েছে।

হরতাল চলাকালে অফিস-আদালত, শিক্ষালয় দোকানপাট ও যানবাহন চলাচল বন্ধ ছিল। বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হয়নি। বন্দরের জেটিতে মাল উঠানামা ও পরিবহন বন্ধ ছিল। তবে রেল ও বিমান যথারীতি চলেছে।

জাতীয় ছাত্রলীগ জানায়, সকাল ৯টায় লালখান বাজারে একটি মিছিলে লাঠিচার্জ করলে ৬ জন আহত হয়। চকবাজারে জাতীয় ছাত্রলীগ নেতা রঞ্জিত সিকদার ও তৌহিদকে পুলিশ বেদম পেটায় এবং গ্রেপ্তার করে। সকাল ১১টায় কদমতলী এলাকায় স্থানীয় ওয়ার্ড কমিশনারের নেতৃত্বে জাতীয় পার্টির সশস্ত্র কর্মীরা হামলা চালালে ৭ জন আহত হয়। এরমধ্যে ইকবাল ও আমানুল্লাকে মেডিক্যালে ভর্তি

(শেষ পৃ: ৬-এর ক: দেখুন)

## অর্ধ দিবস হরতাল পালিত

(১ম পাতার পর)

করা হয়েছে। বেলা ১২টায় দোস্ত বিল্ডিং চত্বরে জাতীয় ছাত্রলীগ আয়োজিত সমাবেশে বক্তারা হত্যাকারীদের গ্রেপ্তার ও শাস্তি দাবী করেন এবং আগামী ১৭ই আগষ্ট সারাদেশে বিক্ষোভ সমাবেশের কর্মসূচী ঘোষণা করেন। কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ এতে বক্তব্য রাখেন। পরে একটি বিশাল মিছিল বেরোয়।

চট্টগ্রামের বিভিন্ন রাজনৈতিক দল এ হত্যাকাণ্ডের প্রতিবাদ জানিয়েছে। চট্টগ্রামের ১৪টি উপজেলা থেকে হরতাল পালনের খবর পাওয়া গেছে।

হাটহাজারী থানা জানায়, গত শনিবারের হত্যাকাণ্ডের পর এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে। নজুমিয়াহাটে পুলিশ প্রহরা জোরদার করা হয়েছে। ঘটনার ব্যাপারে জাতীয় পার্টি মামলা দায়ের করেছে। কাউকে গ্রেফতার করা হয়নি।